গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বাজেট ও উন্নয়ন অনুবিভাগ, বাজেট শাখা
www.lawjusticediv.gov.bd।

স্মারক নং-১০.০০.০০০০.১২৬.৯৯.০৭৯.২০১৮.২২০৭

তারিখঃ ১২ আশ্বিন ১৪২৯ / ২৭ সেপ্টেম্বর ২০২২

বিষয় ঃ জেলা জজ ও সমপদমর্যাদার সকল বিচারক/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট/চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/অতিরিক্ত জেলা জজ পদমর্যাদার বিচার বিভাগীয় কর্মকর্তাগণের সিডান কার ব্যবহার সংক্রান্ত তথ্য প্রেরণ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, গাড়ির জ্বালানি ব্যয় নিয়ন্ত্রণ করার উদ্দেশ্যে লগ বইয়ের সকল কলাম যথাযথভাবে পূরণ ও গাড়ি ব্যবহারকারী কর্মকর্তা নিজে অথবা তার একান্ত সচিবকে (থাকলে) লগ বইয়ের ৫,৭ ও ১১ নম্বর কলাম পূরণ করতে হবে মর্মে ১০.০০.০০০০.১২৬.৯৯.০৭৯.২০১৮.১৮৪ সূত্রোক্ত স্মারকে সর্বশেষ ২৩/১২/২০২১ তারিখে পত্র প্রেরণ করা হয়। সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে কোনো কোনো ক্ষেত্রে লগ বই অথবা লগ বইয়ের কলামগুলি সঠিকভাবে পূরণ করা হচ্ছে না।

০২। সরকারি ব্যয়ে কৃচ্ছ সাধন এবং জ্বালানির সাশ্রয়ী ব্যবহার নিশ্চিতকল্পে ২০২২-২৩ অর্থবছরে অর্থ বিভাগ কর্তৃক ০৭.১০১.০২০.০০.০০.০০১.২০০৯.১৬ নং পরিপত্রে পেট্রোল, ওয়েল ও লুব্রিকেন্ট এবং গ্যাস ও জ্বালানী খাতে সর্বনিম্ন ২০% ব্যয় হ্রাস করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

০৩। এমতাবস্থায়, জেলা জজ ও সমপদমর্যাদার সকল বিচারক/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট/চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/অতিরিক্ত জেলা জজ পদমর্যাদার বিচার বিভাগীয় কর্মকর্তাগণ গাড়ির ওডোমিটার (**Odometer**) রিডার অনুযায়ী ০১/০৭/২০১৮ থেকে সর্বশেষ তারিখ (তথ্য প্রদানের তারিখ) পর্যন্ত তাঁদের ব্যবহৃত সিডান কার কর্তৃক অতিক্রান্ত দূরত্ব সংক্রান্ত তথ্য সংযুক্ত ছকে ১৫/১০/২০২২ তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত ০১ (এক) ফর্দ।

২৭/৯/২০২২
(মোঃ শামছুদ্দীন মাসুম)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৫৭৬৫

কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১। জেলা ও দায়রা জজ (সকল)।
২। বিভাগীয় বিশেষ জজ (সকল)।
৩। বিশেষ জজ (সকল)।
৪। মহানগর দায়রা জজ (সকল)।
৫। বিচারক (জেলা জজ), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল (সকল)।
৬। বিচারক (জেলা জজ), দ্রুত বিচার ট্রাইব্যুনাল (সকল)।
৭। বিচারক (জেলা জজ), জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল (সকল)।
৮। বিচারক (জেলা জজ), প্রশাসনিক ট্রাইব্যুনাল (সকল)।
৯। বিচারক (জেলা জজ), সাইবার ট্রাইব্যুনাল (সকল)।
১০। বিচারক (জেলা জজ), সন্ত্রাস বিরোধী বিশেষ ট্রাইব্যুনাল (সকল)।
১১। বিচারক (জেলা জজ), মানব পাচার অপরাধ দমন ট্রাইব্যুনাল (সকল)।
১২। বিচারক (জেলা ও দায়রা জজ),স্পেশাল ট্রাইব্যুনাল, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, ঢাকা।
১৩। চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট (সকল)/ চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট (সকল)/অতিরিক্ত জেলা জজ (সকল)।

জ্ঞাতার্থে বিতরণ ঃ

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
২। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

## ‘‘ছক’’

| সিডান কারের রেজিস্ট্রেশন নম্বর | গাড়ি ব্যবহারের সময়কাল | ব্যবহারকারী | ওডোমিটার রিডিং অনুযায়ী অতিক্রান্ত দূরত্ব | লগবহি অনুযায়ী অতিক্রান্ত দূরত্ব | মন্তব্য (যদি থাকে) |
|---|---|---|---|---|---|
| ১. | ২. | ৩. | ৪. | ৫. | ৬ |
| | | | | | |

(১) জেলা জজ/মহানগর দায়রা জজগণের প্রশাসনিক এখতিয়ারাধীন গাড়ি ব্যবহারকারী সকল কর্মকর্তা জেলা জজ/মহানগর দায়রা জজের কাছে লিখিত তথ্য প্রদান করবেন। জেলা জজ/মহানগর দায়রা জজ নিজ নিজ গাড়িসহ প্রশাসনিক এখতিয়ারাধীন সকল সিডান কারের তথ্য উপর্যুক্ত ছকে প্রদান করবেন।

(২) জেলা জজ সমপদমর্যাদার আদালত/ট্রাইব্যুনাল এর বিচারক এবং চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট/চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটগণ নিজ নিজ তথ্য প্রেরণ করবেন।